গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৪৮

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। আবহাওয়ার সতর্কবার্তা:

সর্বশেষ আবহাওয়া পরিস্থিতি

স্থল নিম্নচাপটি বর্তমানে সিলেট ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এটি আরো উত্তরপুর্ব দিকে অগ্রসর হয়ে ক্রমশঃ দুর্বল হতে পারে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগরে বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে।

সমুদ্র বন্দরসমূহ উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় ঝড়ো হাওয়া অব্যাহত থাকতে পারে।

কক্সবাজার, চট্টগ্রাম, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরকে ০৩ (তিন) পুনঃ ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

২। ঘূর্ণিঝড় 'রিমাল'

২৪ মে ২০২৪ তারিখ সকাল ৬.০০টায় পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগরে অবস্থানরত একটি সুস্পষ্ট লঘুচাপ ঘণীভূত হয়ে পশ্চিম মধ্য বঙ্গোপসাগর এলাকায় নিম্নচাপে পরিণত হয়। সে সময় নিম্নচাপ কেন্দ্রটির দুরত্ব ছিল চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৮৭০ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৮০৫ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৮২৫ কি.মি. দক্ষিণে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৭৯০ কি.মি. দক্ষিণে অবস্থান করছিল।

২৫ মে ২০২৪ তাারিখ সন্ধ্যা ৬.০০টায় গভীর নিম্নচাপটি উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এলাকয় ঘূর্ণিঝড় "রিমাল" এ পরিণত হয়। এ সময় পায়রা ও মংলা সমূদ্রবন্দরের জন্য ০৭ (সাত) নম্বর এবং চট্টগ্রাম ও কক্সবাজার সমূদ্রবন্দরের জন্য ৬ (ছয়) নম্বর বিপদ সংকেত প্রদান করা হয়।

২৬ মে ২০২৪ তারিখ সকাল ৬.০০টায় ঘূর্ণিঝড়টি প্রবল ঘূর্ণিঝড়ে রুপ নেয় এবং পায়রা ও মংলা সমূদ্রবন্দরের জন্য ১০ (দশ) নম্বর এবং চট্টগ্রাম ও কক্সবাজার সমুদ্রবন্দরের জন্য ৯ (নয়) নম্বর মহাবিপদ সংকেত প্রদান করা হয়।

২৬ মে ২০২৪ তারিখ সন্ধ্যা ৬.০০টায় ঘূর্ণিঝড় "রিমাল" উপকূল অতিক্রম শুরু করে এবং ২৭ মে ২০২৪ তারিখ সকালে উপকূল অতিক্রম সম্পন্ন করে দুর্বল হয়ে যায়।

ঘূর্ণিঝড় 'রিমাল' মোকাবিলার দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থাদিঃ

ঘূর্ণিঝড় 'রিমাল' মোকাবিলার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ২৫ মে ২০২৪ খ্রিঃ তারিখ ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি) বাস্তবায়ন বোর্ডের সভা এবং ঐ দিন রাত ৮.০০টায় দুর্যোগ পরিস্থিতি বিষয়ে জরুরী সভা অনুষ্ঠিত হয়।

২৬ মে ২০২৪ তারিখ সকাল ১১.০০টায় আন্তঃমন্ত্রনালয় দুর্যোগ ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভা থেকে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে ঘূর্ণিঝড় "রিমাল" মোকবিলায় প্রযোজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়ের নির্দেশনা মোতাবেক উপকূলীয় জেলাসমূহের জেলা প্রশাসন আশ্রয়কেন্দ্রসমূহ প্রস্তুত করে এবং ঝুঁকিপূর্ণ মানুষ এবং গবাদিপশু আশ্রয়কেন্দ্রে নিয়ে আসার ব্যবস্থা গ্রহণ করে।

ঘূর্ণিঝড় 'রিমাল' মোকাবিলায় উপকূলীয় জেলাসমূহে আশ্রয়কেন্দ্রে আশ্রিত লোকসংখ্যা ও গবাদিপশুর তথ্যাবলিঃ

ক্র: নং	জেলার নাম	আশ্রয়কেন্দ্র খোলার সংখ্যা	আশ্রিত লোকসংখ্যা					আশ্রিত গবাদি পশুর সংখ্যা			মেডিকেল টিম	
			পুরুষ	মহিলা	শিশু	প্রতিবন্ধী	মোট	গরু/ মহিষ	ছাগল/ ভেড়া	অন্যান্য	গঠিত	চালু
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১	খুলনা	৪০২	৬২৪৭১	৬৪৭৭৩	৩১৯৫৫	১৫৬	১৫৯৩৫৫	১৮১৭	১৫৮৪	১৫৮	৮০	৪৮
২	সাতক্ষীরা	৮৮৭	২৯৮৫০	১৮৭৫৭	১১৪২৫	১৯৯	৬০২৩১	১৪০৫	১৬৮৮	১১১	৭৮	৭৮
৩	বাগেরহাট	৩৫৯	২৫৩০০	৩৩০০০	১০৮৯৭	১৫৮	৬৯৩৫৫	২২৫৩	১৯২৭	৪৪২	৮৪	৮৪
৪	ঝালকাঠি	৪৯৮	১১২৪৮	২১৩৩৪	৭৭৯৬	২৭১	৪০৬৪৯	৮৩০	৭৪১	৫২	৪১	৪১
৫	বরিশাল	৫৪১	২১৩০৭	৩২১৪৮	৮৭৯৬	১৭১	৬২৪২২	২০৮৭	১২৮০	৪৩৭	৯৮	৯৮
৬	পটুয়াখালী	৮২৯	২৯৮৪৪	৩৩৯৫৮	২৪৯৪০	১১৩	৮৮৮৫৫	৪৭৮৪	৫৮৪৭	১২৩৭	৭৬	৭৬
৭	পিরোজপুর	৫৬১	১৯৭৪৫	১৮২৪৬	৪৯৪৫	১১৬	৪৩০৫২	১৫৬৭	১৪৭৫	৫	৬৫	৬৫
৮	বরুগনা	৬৭৩	৪৭৫৩৩	৬১৯৬১	৫৭২১	৮৬	১১৫৩০১	১৯৬৮	১১৬৩	৩৯	৪২	৪২
৯	ভোলা	৮৬৯	১৭২৫০	২২৯০৯	১৯৮৩	১২৩	৪২২৬৫	৪৩৩৭	২৮৪৫	৮০৩	৯৮	৯৮
১০	ফেনী	৭৮	১৬১০	১৫০৭	২৪৬	১৯	৩৩৮২	৬২	২৪		৭৬	৭৬
১১	কক্সবাজার	৬৩৮	১৯২৮	২৯৩৪	৩৫৩	৭	৫২২২	২৫	৮০	০	৯০	৯০
১২	চট্টগ্রাম	১০৪৫	১৫১১৭	১৫০৫৪	১৮২২	১১৩	৩২১০৬	৫৩৩	৭২৫	১৮	২২২	১৮৩
১৩	নোয়াখালী	৪৬৬	১৩৪৬৬	১৯৪৯৫	৬৭৩০	১২০	৩৯৮১১	১৪৩০	৮৬০	০	১০২	১০২
১৪	লক্ষীপুর	২৯৯	২৬৮৩	১৯১১	৫৭২	৩৮	৫২০৪	১৯৫২	১৫২০	৩	৬৪	৬৪
১৫	চাঁদপুর	৩৫৩	১৪৪০৫	১২২৪০	১১২২	৩১	২৭৭৯৮	৮১	৪০	৩৯	৯৭	৯৭
১৬	শরীয়তপুর	২৫৬					০				৬৪	৬৪
১৭	গোপালগঞ্জ	৪০৮					০				৬৭	৬৭
১৮	নড়াইল	৪	৫৩০৩	৬৫২০	৪৫২	১২০	১২৩৯৫	৩৫০	২৫২	১২৭০	১৭	১৭
১৯	যশোর	২৫৮	৩৫১	৭১২	৩৩	১১	১১০৭				১০	১০
	সর্বমোট	৯৪২৪	৩১৯৪১১	৩৬৭৪৫৯	১১৯৭৮৮	১৮৫২	৮০৮৫১০	২৫৪৮১	২২০৫১	৪৬১৪	১৪৭১	১৪০০

তথ্যসূত্রঃ এনডিআরসিসি, এমওডিএমআর, ঢাকা।

ঘূর্ণিঝড় ‘রিমাল’ মোকাবিলায় উপকূলীয় উল্লেখিত জেলায় ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবারকে মানবিক সহায়তা হিসেবে বিতরণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ২৫ মে ২০২৪ তারিখ হতে ২৭ মে ২০২৪ তারিখ পর্যন্ত উপকুলীয় ১৫টি জেলায় বরাদ্দ নিম্নরূপঃ

ক্রঃ নং	জেলার নাম	ত্রাণ কায্য (নগদ) (টাকা)	ত্রাণ কার্য (চাল) (মেঃটন)	শিশু খাদ্য ক্রয় বাবদ অর্থ (টাকা)	শুকনা ও অন্যান্য খাবার (প্যাকেট/বস্তা)	গো-খাদ্য বাবদ অর্থ (টাকা)
১.	কক্সবাজার	২৫,০০,০০০	৩০০	১০,০০,০০০	-	১০,০০,০০০
২.	চট্টগ্রাম	২৫,০০,০০০	৩০০	১০,০০,০০০	-	১০,০০,০০০
৩.	ফেনী	২৫,০০,০০০	৩০০	১০,০০,০০০	-	১০,০০,০০০
৪.	নোয়াখালী	২৫,০০,০০০	৪০০	১০,০০,০০০	৫০০	১০,০০,০০০
৫.	লক্ষীপুর	২৫,০০,০০০	৪০০	১০,০০,০০০	৫০০	১০,০০,০০০
৬.	ভোলা	২৫,০০,০০০	৪০০	১০,০০,০০০	৫০০	১০,০০,০০০
৭.	বরিশাল	২৫,০০,০০০	৩০০	১০,০০,০০০	-	১০,০০,০০০
৮.	পটুয়াখালী	৩৫,০০,০০০	৫০০	১০,০০,০০০	১০০০	১০,০০,০০০
৯.	পিরোজপুর	২৫,০০,০০০	৪০০	১০,০০,০০০	৫০০	১০,০০,০০০
১০.	বরগুনা	২৫,০০,০০০	৪০০	১০,০০,০০০	৫০০	১০,০০,০০০
১১.	বাগেরহাট	২৫,০০,০০০	৪০০	১০,০০,০০০	৫০০	১০,০০,০০০
১২.	খুলনা	২৫,০০,০০০	৪০০	১০,০০,০০০	৫০০	১০,০০,০০০
১৩.	সাতক্ষীরা	২৫,০০,০০০	৪০০	১০,০০,০০০	৫০০	১০,০০,০০০
১৪.	ঝালকাঠি	২৫,০০,০০০	৩০০	১০,০০,০০০	-	১০,০০,০০০
১৫.	চাঁদপুর	২৫,০০,০০০	৩০০	১০,০০,০০০	-	১০,০০,০০০
		৩,৮৫,০০,০০০	**৫,৫০০**	**১,৫০,০০,০০০**	**৫,০০০**	**১,৫০,০০,০০০**

ঘূর্ণিঝড় ‘রিমাল’ উপকূল অতিক্রম করায় উপকূলীয় জেলাসমূহের ক্ষয়ক্ষতির তথ্যঃ

ঘূর্ণিঝড় ‘রিমাল’ এর আঘাতে খুলনা, সাতক্ষীরা, বরিশাল, পটুয়াখালী, ভোলা ও চট্টগ্রাম (৬ জেলা) জেলায় মোট ১০ জনের মৃত্যু হয়েছে (খুলনা- ১ জন, সাতক্ষীরা-১ জন, বরিশাল-৩ জন, পটুয়াখালী-১ জন, ভোলা-৩ জন ও চট্টগ্রাম-১ জন)।

এসওএস ফরমের মাধ্যমে প্রাপ্ত ক্ষয়ক্ষতির তথ্য নিম্নরূপঃ (২৭/০৫/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত)

ক্রঃ নং	ক্ষতিগ্রস্থ জেলার নাম	ক্ষতিগ্রস্ত উপজেলার সংখ্যা	ক্ষতিগ্রস্থ ইউনিয়ন সংখ্যা	দূর্গত মানুষের সংখ্যা	বিধ্বস্ত ঘরবাড়ীর সংখ্যা		মৃত লোক সংখ্যা	নিখোঁজ লোক সংখ্যা
					আংশিক	সম্পূর্ণ		

১	২	৩	৪	৫	৬	৭	১০	১১
১	খুলনা	১০	৭২	৪৫২২০০	৫৬১৪২	২০৭৬২	১	
২	সাতক্ষীরা	৭	৪৩	২২১১৭৬	১১৯২	২৭৬	১	০
৩	বাগেরহাট	৯	৭৫	৫০০০০০	৩৫০০০	১০০০০	০	০
৪	ঝালকাঠি	৪	৩২	৭৭৬২	১৭৯০	১৫০	০	০
৫	বরিশাল	১০	১০২	১৮৫৫০০	২৪৬৭	২৫৫	৩	
৬	পটুয়াখালী	৮	৭৬	৩২৭০০০	১৮৬৫	২৩৫	১	০
৭	পিরোজপুর	৭	৫৭	৫০০০০০	৫৮০০	১২০০	০	০
৮	বরুগনা	৬	৪২	১১৫০০০	৪০০	০	০	০
৯	ভোলা	৭	৬০	২২৩৩০৩	৫১৫৮	২৪৬৫	৩	
১০	ফেনী	১	৪	৪০০০	০	০	০	০
১১	কক্সবাজার	৯	০	০	০	০	০	০
১২	চট্টগ্রাম	২	০	০	০	০	১	০
১৩	নোয়াখালী	৫	২৬	৫৩৪৫০	৩৩২৮	৪৮		
১৪	লক্ষীপুর	৫	১৭৫	৬৫০০০	০	০	০	০
১৫	চাঁদপুর	০	০	০	০	০	০	০
১৬	নড়াইল	২	১৩	০	১৫০	৫০	০	০
১৭	গোপালগঞ্জ	৫	৬৭	১১০০০০০	১২০০	০	০	০
১৮	যশোর	৪	২৫	১৫০০	১২৫	১৫	০	০
১৯	শরীয়তপুর	৬	৪৫	২২০৫	৩৭৫	২৭		
	মোট	**১০৭**	**৯১৪**	**৩৭৫৮০৯৬**	**১১৪৯৯২**	**৩৫৪৮৩**	**১০**	**০**

৩। আজ ২৮ মে, ২৪ খ্রি: তারিখ দুপুর ১.০০ টা হতে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

সারা দেশের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ২ নম্বর (পুনঃ) ২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

৪। আজ ২৭ মে, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: মানিকগঞ্জ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত স্থল নিম্নচাপটি উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে বর্তমানে সিলেট ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এটি আরও উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে ক্রমশঃ বৃষ্টি ঝড়িয়ে দুর্বল হয়ে যেতে পারে। উত্তর বঙ্গোপসাগরে বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে।

পূর্বাভাসঃ

প্রথম দিন (২৮.০৫.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায়; বরিশাল ও রংপুর বিভাগের কিছু কিছু জায়গায় এবং খুলনা ও রাজশাহী বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিনের তাপমাত্রা (১-৩) ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে ।

দ্বিতীয় দিন (২৯.০৫.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, ঢাকা, চট্টগ্রাম ও বরিশাল বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা (১-৩) ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে ।

তৃতীয় দিন (৩০.০৫.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: রংপুর, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে । এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: দক্ষিণ-পশ্চিম মৌসুমীবায়ু চট্টগ্রাম উপকূল পর্যন্ত অগ্রসর হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্টগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৭.৫	২৮.২	৩৩.৪	২৭.২	২৯.০	৩১.৩	২৭.৮	৩১.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৪.০	২৪.৫	২৪.৫	n/a	২৫.০	২৪.০	২৫.০	২৫.৮

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেতুঁলিয়া ৩৩.৪^{0} সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা টাংগাইল ও বান্দরবান ২৪.০^{0} সে.। (তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।

৫। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা

(১৪ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ /২৮ মে, ২০২৪ খ্রিঃ)

এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে। আগামী ৪৮ ঘণ্টায় ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে, অপরদিকে গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল হ্রাস পেতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিন-পূর্বাঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। আগামী ৪৮ ঘণ্টায় এই অঞ্চলের প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী, আগামী ২৪ থেকে ৪৮ ঘন্টায় দেশের অভ্যন্তরে এবং উজানের বিভিন্ন স্থানে মাঝারী থেকে ভারী কোথাও কোথাও অতিভারী বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। ফলে, দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ পূর্বাঞ্চলের প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে এবং উত্তর-পূর্বাঞ্চলের কোথাও কোথাও বিপদসীমা অতিক্রম করে স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলের সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার এবং দক্ষিণ-পূর্ব পার্বত্য অঞ্চলের ফেনী, বান্দরবান, চট্টগ্রাম জেলার কতিপয় নিম্নাঞ্চল স্বল্পমেয়াদী আকস্মিক বন্যার ঝুঁকিতে থাকতে পারে।

পানি সমতল ও বৃষ্টিপাত স্টেশন আউটলুক

(১৪ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ /২৮ মে, ২০২৪ খ্রিঃ)

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন:

পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	মৌসুমী বিপদসীমা (মিটার)	মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)
বল্লাহ	খোয়াই	২১.২৫	+১৭৩	২১.২০	+০৫

গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য

বাংলাদেশের অভ্যন্তরে:

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
জাফলং (সিলেট)	২৮৭.০	সুনামগঞ্জ	২৫৩.০	শ্রীমঙ্গল (সিলেট)	২৪৯.০
দক্ষিণবাগ (সিলেট)	২৪৮.০	চাঁদপুর	২২২.০	কমলগঞ্জ (মৌলভীবাজার)	২১৬.০
ময়মনসিংহ	২০৬.০	ছাতক (সিলেট)	২০৩.০	মৌলভীবাজার	১৯৫.০
বান্দরবান	১৯১.০	নারায়াণহাট (চট্টগ্রাম)	১৮৮.০	সিলেট	১৮৭.০
রামগড় (চট্টগ্রাম)	১৮০.০	ব্রাহ্মণবাড়িয়া	১৮০.০	জকিগঞ্জ (সিলেট)	১৭৫.০
লাটু (সিলেট)	১৭৫.০	কানাইঘাট (সিলেট)	১৭৫.০	মাদারীপুর	১৭৫.০
চাঁদপুর বাগান (হবিগঞ্জ)	১৭১.০	খুলনা	১৫০.০	লরেরগড় (সুনামগঞ্জ)	১৪৯.০
পটুয়াখালী	১৪১.০	হবিগঞ্জ	১৩৬.০	লামা (চট্টগ্রাম)	১৩২.০
ভাগ্যকূল (মুন্সিগঞ্জ)	১২৭.০	কুমিল্লা	১২০.০	লালাখাল (সিলেট)	১১২.০
বরিশাল	১১০.০	পরশুরাম (ফেনী)	১০৫.০	হরিদাসপুর	১০৫.০
নরসিংদী	১০৪.০	চট্টগ্রাম	৯৫.০	মহেশখোলা (সুনামগঞ্জ)	১০০.০

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)
চেরাপুঞ্জি (মেঘালয়)	৩৮৬.০	শীলং (মেঘালয়)	২৪২.০	কৈলাশহর (ত্রিপুরা)	২১৭.০
আগরতলা (ত্রিপুরা)	২০৭.০	শিলচর (আসাম)	১৪৭.০	আইজল (মিজোরাম)	১৩৭.০
গোয়ালপাড়া (আসাম)	৫১.০	তেজপুর (আসাম)	২৭.০	পাসিঘাট (অরুণাচল)	১৬.০

-

নদ-নদীর অবস্থা

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১১০	গেজ স্টেশন বন্ধ আছে	০০
বৃদ্ধি	৮৯	গেজ পাঠ পাওয়া যায়নি	০১
হ্রাস	১৮	মোট তথ্য পাওয়া যায়নি	০১
অপরিবর্তিত	০২	বিপদসীমার উপরে	০১
বিপদসীমার উপরে নদীর সংখ্যা			০১

৬।

অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৬ মে, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৭ মে, ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১১টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৯	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	০	০	০
৬।	চট্টগ্রাম	০	০	০
৭।	খুলনা	১	০	০
৮।	রংপুর	০	০	০
	মোট	**১১**	**০**	**০**

২৮-০৫-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১৪৮/১ (১৩)

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৩। সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;
৪। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ;
৫। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৬। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৭। বিভাগীয় কমিশনার (সকল);
৮। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
৯। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১০। জেলা প্রশাসক (সকল);
১১। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর। এবং

১৩। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

২৮-০৫-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা